

যুগান্তর

শাবিতে চূড়ান্ত ভর্তি শেষে আসন ফাঁকা ১৬২

শাবি প্রতিনিধি

৩১ আগস্ট ২০২৩, ০০:০০:০০ | প্রিন্ট সংস্করণ

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২২-২৩ শিক্ষাবর্ষে স্নাতক প্রথম বর্ষ প্রথম সেমিস্টারে তৃতীয় দিনের মতো চূড়ান্ত ভর্তি কার্যক্রম শেষে 'এ', 'বি' ও 'সি' এ তিন ইউনিটে ভর্তি হয়েছেন মোট ১,৪০৪ জন শিক্ষার্থী। আসন খালি রয়েছে ১৬২টি। মঙ্গলবার রাতে শাবির ভর্তি কমিটির সদস্য সচিব ড. মো. মাহবুবুল হাকিম বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি বলেন, ২৭-২৯ আগস্ট এই তিনদিন আমরা স্নাতক প্রথম বর্ষের শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি নিয়েছি। 'এ', 'বি' ও 'সি' এ তিন ইউনিটে কোটা ব্যতীত বিশ্ববিদ্যালয়ে মোট আসন রয়েছে ১,৫৬৬টি। এর মধ্যে মোট ভর্তি হয়েছেন ১৪০৪ জন শিক্ষার্থী। এখনো ১৬২টি আসন খালি রয়েছে। এছাড়া কোটায় ১৬ জন শিক্ষার্থী ভর্তি হয়েছেন।

খালি আসন পূরণে সিরিয়ালে থাকা অন্যান্য শিক্ষার্থীদের ডাকা হবে কি না জানতে চাইলে তিনি বলেন, এটা গুচ্ছ ভর্তি কমিটির ওপর নির্ভর করছে। তারা সিদ্ধান্ত নিলে আমরা বাকি আসন পূরণে শিক্ষার্থীদের ভর্তি নেব।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023

